# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**Office of the Director**
**Directorate of Public Relations,**
**PANI Bhaban (Level-9)**
**72, Green Road, Dhaka.**
Phone- 02222230088
e-mail: dir.publicity@gmail.com
website: www.bwdb.gov.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ পরিদপ্তর,
পানি ভবন (লেভেল-৯)
৭২ গ্রীন রোড, ঢাকা।
ফোনঃ ০২২২২২৩০০৮৮
ই-মেইল: dir.publicity@gmail.com
ওয়েবসাইট: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৬.১৮.০২৯.২৪.২৫৮ তারিখঃ ১৪/১১/২০২৪ খ্রিঃ

## সার্কুলার

বোর্ডের সার্কুলার নং-০৩-পাউবো(সচি)/বোর্ড-২, তারিখঃ ১২-০১-২০১১ খ্রিঃ মোতাবেক জারিকৃত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সমন্বিত বিজ্ঞাপন প্রচার নীতিমালা-২০১০ এর অনুচ্ছেদ ক(৮) অনুযায়ী উন্নয়ন প্রকল্পভুক্ত প্রকল্পের প্রকল্প পরিচালকগণকে ডিপিপিতে প্রচার ও বিজ্ঞাপন/প্রকাশনা খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখাসহ বিজ্ঞাপন বিল অবশ্যই প্রকল্প দপ্তর হতে পরিশোধের বিষয়ে স্মারক নং-১৬৬ পাউবো(সচি)/বোর্ড-২/(জনসংযোগ), তারিখঃ ১৯/০৬/২০১৬ খ্রিঃ মোতাবেক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু অনেক ক্ষেত্রে লক্ষ্য করা যাচ্ছে প্রকল্পের ডিপিপিতে বিজ্ঞাপন খাতে অর্থের সংস্থাপন না রেখে টেন্ডার নোটিশসমূহ প্রচারের জন্য জনসংযোগ পরিদপ্তরে প্রেরণ করা হয়ে থাকে এবং যথারীতি বিজ্ঞাপন প্রচার করা হয়। পরবর্তীতে বিল পরিশোধের জটিলতা সৃষ্টি হয়। এছাড়া প্রকল্পের দরপত্র/টেন্ডার বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশ/প্রচারের জন্য জনসংযোগ পরিদপ্তরে প্রেরণ করার সময় অনেক ক্ষেত্রেই প্রকল্প পরিচালকের নাম, প্রকল্পের নাম স্পষ্টভাবে উল্লেখ না করায় পত্রিকা সিলেকশন ও প্রকল্পের বিজ্ঞাপন বিল পরিশোধের জন্য বিজ্ঞাপন বিল সংশ্লিষ্ট প্রকল্প দপ্তরে প্রেরণে জটিলতা সৃষ্টি হচ্ছে। বিধায় এ বিষয়ে প্রকল্পের দরপত্র বিজ্ঞাপন প্রচারের জন্য জনসংযোগ পরিদপ্তরে প্রেরণের সময় প্রকল্প পরিচালকের নাম, প্রকল্পের নাম ও বিজ্ঞাপন বিল পরিশোধ সংক্রান্ত অর্থের সংস্থানের বিষয় আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

২। অপরদিকে লক্ষ্য করা যাচ্ছে প্রকল্প সংশ্লিষ্ট পত্রিকার বিলসমূহ পরিশোধের জন্য প্রকল্প দপ্তরে প্রেরণ করা হলে কিছু কিছু প্রকল্পের প্রচার ও প্রকাশনা খাতে বাজেট বরাদ্দ নাই উল্লেখপূর্বক প্রকল্প হতে বিজ্ঞাপন বিল পরিশোধ না করে বোর্ডের জনসংযোগ পরিদপ্তর এর রাজস্ব খাতের বাজেট বরাদ্দ হতে পরিশোধের জন্য ফেরৎ দেয়া হয়। সেক্ষেত্রে বোর্ডের জনসংযোগ পরিদপ্তরের রাজস্ব খাতের প্রচার ও বিজ্ঞাপন বাজেট হতে প্রকল্পের বিল পরিশোধ করা নিয়ম বহির্ভূত এবং প্রয়োজনীয় বাজেট না থাকায় জনসংযোগ পরিদপ্তর হতে পত্রিকাসমূহের বিল পরিশোধ করা সম্ভব হয় না, যা সার্বিকভাবে জটিলতা সৃষ্টি করে।

৩। অতএব, ডিপিপিতে প্রচার ও বিজ্ঞাপন খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখার বিষয়টি নিশ্চত করতঃ প্রকল্পের নাম, প্রকল্প পরিচালকের নাম ও বাজেট সংকুলানের বিষয় সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক প্রকল্পের দরপত্রসহ অন্যান্য বিজ্ঞাপন প্রচারের নিমিত্ত জনসংযোগ পরিদপ্তরে প্রেরণ করার জন্য এবং বিজ্ঞাপন প্রচারের পর প্রকল্প খাত হতে যথাসময়ে বিজ্ঞাপন বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে অনুরোধ করা হলো।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ সার্কুলার জারি করা হলো।

১৪/১১/২০২৪
(মোস্তফা খান)
পরিচালক (প্রশাসন)
পরিচিতি নং- ৬৭১১০১০০১

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৬.১৮.০২৯.২৪.২৫৮/১(৭) তারিখঃ ১৪/১১/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী (সকল), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর/যান্ত্রিক)(সকল)/প্রকল্প পরিচালক (সকল)/প্রধান, পানি ব্যবস্থাপনা/নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা),......................................................।
২। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর/যান্ত্রিক) (সকল)/পরিচালক/সমমান(সকল) ,...................................................।
৪। সিনিয়র সিষ্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। নির্বাহী প্রকৌশলী (পুর/যান্ত্রিক)/উপপরিচালক/সমমান (সকল),..................................................।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৭। অফিস/মাস্টার কপি।

১৪/১১/২৪
(তাবিবুর রহমান বিপু)
সহকারী পরিচালক
পরিচিতি নম্বর-৯১০৩০২০০১

Office order.doc